

মাসিক এমআইএস প্রতিবেদন

সেপ্টেম্বর, ২০১৭

৩৩৩ তম সংখ্যা



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ

BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LTD.

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

BAPEX Bhaban, 4 Kawran Bazar C/A, Dhaka-1215.

e-mail : mdbapex@bapex.com.bd web : www.bapex.com.bd



ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
-	সূচীপত্র	০১
১	কোম্পানীর পরিচিতি	০২
২	GDF অর্থায়নে বাপেক্স পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদন :	০৩-১৩
২.১	3D Seismic Project of BAPEX	০৩
২.২	2D Seismic Project of BAPEX	০৪
২.৩	শাহজাদপুর-সুন্দলপুর (সুন্দলপুর # ২) মূল্যায়ন/উন্নয়ন কূপ খনন প্রকল্প।	০৫
২.৪	Rupkalpa-1 Drilling Project.	০৬
২.৫	Rupkalpa-2 Drilling Project.	০৭
২.৬	Rupkalpa-3 Drilling Project.	০৮
২.৭	Rupkalpa-4 Drilling Project.	০৯
২.৮	Procurement of one Drilling and one Workover Rig with Supporting Equipment for BAPEX Project.	১০
২.৯	Rehabilitation of Gardner Denver E-1100 Rig Project.	১১
২.১০	Rupkalpa-9: 2D Seismic Project.	১২
২.১১	Rupkalpa-5 Drilling Project..	১৩
৩	এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিষয়ক প্রতিবেদন	১৪-১৫
৪	বিভিন্ন বিভাগের বাস্তব অগ্রগতির বিবরণ	১৬-২৭
৪.১	ভূতাত্ত্বিক বিভাগ	১৬-১৮
৪.২	ভূপদার্থিক বিভাগ	১৯
৪.৩	খনন পরিচালনা বিভাগ	২০
৪.৪	টেকনিক্যাল সার্ভিসেস বিভাগ	২১
৪.৫	পরীক্ষাগার বিভাগ	২২
৪.৬	উৎপাদন বিভাগ	২৩-২৪
৪.৭	প্রকৌশল বিভাগ	২৫-২৬
৪.৮	ডাটা ম্যানেজমেন্ট বিভাগ	২৭
৫	বিবিধ তথ্য	২৮-৩৪
৫.১	লোকবল	২৮
৫.২	প্রশিক্ষণ	২৯
৫.৩	কোম্পানীর e-Governance সংক্রান্ত তথ্য	৩০-৩১
৫.৪	রাষ্ট্রীয় কোষাগারে অর্থ প্রদানের বিবরণী	৩২
৫.৫	নগদ তহবিল বিবরণী	৩২
৫.৬	বোর্ড, গণসংযোগ ও আইন এবং চুক্তি সংক্রান্ত কার্যাবলী	৩৩
৫.৭	আত্মীকরণ, পদোন্নতি, অবসর গ্রহণ, শোক সংবাদ, পদত্যাগ, নিয়োগ, বদলি, বরখাস্ত, লিয়েন ও শ্রেষণ	৩৪
৬	সমাপ্ত প্রকল্প ও ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩৫-৪২
৬.১	সমাপ্ত প্রকল্প সমূহের বিবরণ	৩৫-৩৮
৬.২	সম্পাদিত ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩৯-৪০
৬.৩	বাপেক্স ও এর পূর্বসূরী কর্তৃক অনুসন্ধান ও উৎপাদন কূপ খনন কার্যক্রমের বিবরণী	৪১-৪২

ক্রমিক নং	বিষয়বস্তু	বর্ণনা
০১	কোম্পানীর নাম	ঃ বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
০২	কোম্পানীর উদ্দেশ্য ও কার্যপরিধি	ঃ * তেল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদনের জন্য ভূতাত্ত্বিক ও ভূকম্পন জরিপ এবং খনন কার্যক্রম পরিচালনা করা। * দেশের অভ্যন্তরে বা দেশের বাহিরে এককভাবে বা যৌথ উদ্যোগে অথবা অন্য কোন চুক্তির ভিত্তিতে উৎপাদন, প্রক্রিয়াকরণ, সঞ্চালন, বিতরণ এবং বিপণন অথবা এতদসম্পর্কিত অন্যান্য পণ্যের উৎপাদন ও বিপণন সংক্রান্ত বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা। * ভূপদার্থিক ও ভূতাত্ত্বিক উপাত্ত মূল্যায়ন, বেসিন পর্যালোচনা, অনুসন্ধান ও উন্নয়নের লক্ষ্যে খনন, ভূতাত্ত্বিক ও ভূ-রসায়নিক বিশ্লেষণ ইত্যাদির ক্ষেত্রে সেবা প্রদান করা।
০৩	তত্ত্বাবধায়ক সংস্থা	ঃ বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।
০৪	প্রশাসনিক মন্ত্রণালয়	ঃ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।
০৫	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান) হিসাবে নিবন্ধিত	ঃ ০৩ এপ্রিল, ১৯৮৯।
০৬	তেল ও গ্যাস অনুসন্ধান কোম্পানী হিসাবে কোম্পানীর কার্যক্রম শুরুর তারিখ	ঃ ০১ জুলাই, ১৯৮৯।
০৭	তেল ও গ্যাস অনুসন্ধান ছাড়াও উৎপাদন কোম্পানী হিসাবে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের তারিখ	ঃ ২৯ ফেব্রুয়ারী, ২০০০।
০৮	কোম্পানীর প্রধান কার্যালয়	ঃ বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।
০৯	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান ও উৎপাদন) হিসাবে নিবন্ধিত	ঃ ২৩ এপ্রিল, ২০০২।
১০	কোম্পানীর কূপ খনন ও গ্যাস আবিষ্কারের সফলতার হার	ঃ ২ : ১
১১	কোম্পানীর পরিচালকমন্ডলীর ১ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার তারিখ	ঃ ২৯ জুলাই, ১৯৯২।
১২	কোম্পানীর পরিচালকমন্ডলীর সদস্য সংখ্যা	ঃ ০৭ (সাত) জন।
১৩	গ্যাস সরবরাহকৃত কোম্পানীর নাম	ঃ টিজিটিএন্ডডিসিএল, বিজিডিসিএল, কেজিডিসিএল, জিটিসিএল, এসজিসিএল
১৪	কনডেনসেট সরবরাহকৃত কোম্পানীর নাম	ঃ বিজিএফসিএল, সুপার রিফাইনারি (প্রাঃ) লিঃ
১৫	কোম্পানীর মোট অনুমোদিত মূলধনের পরিমাণ	ঃ ৩০০ (তিনশত) কোটি টাকা।
১৬	কোম্পানীর পরিশোধিত মূলধনের পরিমাণ	ঃ ৫ (পাঁচ) লক্ষ টাকা যা ৫ (পাঁচ) হাজার শেয়ারে বিভক্ত।

২। GDF অর্থায়নে পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদন২.১ 3D SEISMIC PROJECT OF BAPEX

১। প্রকল্পের নাম	:	৩-ডি সাইসমিক প্রজেক্ট অব বাপেক্স
২। প্রকল্প অনুমোদন পর্যায়	:	প্রকল্পটি ১০-০২-২০১৩ তারিখে প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থান	:	বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।
৪। বাস্তবায়ন কাল	:	ডিসেম্বর, ২০১২ হতে নভেম্বর, ২০১৭।
৫। প্রকল্প ব্যয়	:	স্থানীয় মুদ্রা : ৯,১১০.০০ লক্ষ টাকা নগদ বৈঃ মুদ্রা : ৯,১৪০.০০ লক্ষ টাকা মোট : ১৮,২৫০.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	:	<ul style="list-style-type: none"> ➤ Identify the thickening, thinning & discontinuity of gas sands and new sands. ➤ Improve the definition of structure size and location of maximum hydrocarbon reserve. ➤ Precisely identify the new drilling locations by better delineation of structural, stratigraphic, combination features & to reduce the risk of drilling development/appraisal well significantly; and ➤ Help better planning on future gas demand supply through better knowledge about the gas reservoir.
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	:	<ol style="list-style-type: none"> ১. “৩ডি সাইসমিক প্রজেক্ট অব বাপেক্স (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৭-১৮ মার্চ মৌসুমের উপাত্ত সংগ্রহ কার্যক্রম শুরুর লক্ষ্যে ফেব্রুগঞ্জ গ্যাসক্ষেত্র এলাকায় যন্ত্রপাতি মেরামতসহ যাবতীয় প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান আছে। ২. প্রকল্পের আওতায় ২০১৭-২০১৮ অর্থ বছরে ১ম কিস্তিতে ১০০০.০০ লক্ষ টাকা মঞ্জুরী পাওয়া গিয়েছে এবং ইতোমধ্যে উক্ত প্রকল্পের ব্যাংক হিসাবে স্থানান্তর করা হয়েছে।
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত)	:	স্থানীয় মুদ্রা : ৯,১০৭.১০ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ৬,৭২৭.৪৬ লক্ষ টাকা মোট : ১৫,৮৩৪.৫৬ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	:	বাস্তব : ৮৬.৭৬ % আর্থিক : ৮৬.৭৬ %

১। প্রকল্পের নাম	:	২-ডি সাইসমিক প্রজেক্ট অব বাপেক্স	
২। প্রকল্প অনুমোদন পর্যায়	:	প্রকল্পটি ১৩-০৬-২০১৩ তারিখে প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত	
৩। প্রকল্পের অবস্থান	:	বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫	
৪। বাস্তবায়ন কাল	:	ডিসেম্বর, ২০১২ হতে জুন, ২০১৭।	
৫। প্রকল্প ব্যয় (মূল)	:	স্থানীয় মুদ্রা	: ৩,৭৫৩.০০ লক্ষ টাকা
		নগদ বৈঃ মুদ্রা	: ৩,৩৬০.০০ লক্ষ টাকা
		মোট	: ৭,১১৩.০০ লক্ষ টাকা
প্রকল্প ব্যয় (সংশোধিত)		স্থানীয় মুদ্রা	: ৫,৯২৮.০০ লক্ষ টাকা
		নগদ বৈঃ মুদ্রা	: ৩,৪০৫.০০ লক্ষ টাকা
		মোট	: ৯,৩৩৩.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	:	<ul style="list-style-type: none"> ➤ Identify probable leads/prospects by conducting seismic survey to delineate drillable subsurface structure. ➤ Identify the probable structure/stratigraphic/fault traps. ➤ Find out new exploratory well location to enhance hydrocarbon resource/reserve 	
৭। প্রক্রিয়াবীন অগ্রগতি	:	প্রকল্পের আওতায় মোট ৩৬০০ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহ সম্পন্ন হয়েছে। বর্তমানে সংগৃহীত উপাত্তের প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের কাজ চলমান রয়েছে।	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত)	:	স্থানীয় মুদ্রা	: ৫,২৬৪.৮০ লক্ষ টাকা
		নগদ বৈদেশিক মুদ্রা	: ২,৮৯৩.৮০ লক্ষ টাকা
		মোট	: ৮,১৫৮.৬০ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	:	বাস্তব	আর্থিক
		৮৭.৪২ %	৮৭.৪২ %

২.৩ শাহজাদপুর-সুন্দলপুর (সুন্দলপুর # ২) মূল্যায়ন/উন্নয়ন কূপ খনন প্রকল্প

১। প্রকল্পের নাম	:	শাহজাদপুর-সুন্দলপুর (সুন্দলপুর # ২) মূল্যায়ন/উন্নয়ন কূপ খনন প্রকল্প	
২। প্রকল্প অনুমোদন পর্যায়	:	প্রকল্পটি ১১-০৯-২০১৪ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থান	:	বসুরহাট, কোম্পানীগঞ্জ, নোয়াখালী, চট্টগ্রাম।	
৪। বাস্তবায়ন কাল	:	অক্টোবর, ২০১৪ হতে অক্টোবর, ২০১৭	
৫। প্রকল্প ব্যয়	:	স্থানীয় মুদ্রা	: ২,৬৬০.০০ লক্ষ টাকা
		নগদ বৈদেশিক মুদ্রা	: ৪,৮৮৫.০০ লক্ষ টাকা
		মোট	: ৭,৫৪৫.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	:	<p>The main objective of the project is to increase gas supply to the national grid and evaluate the reserve of the gas field for further development program in the Sundalpur Structure. To achieve above objectives following works need to be undertaken.</p> <ul style="list-style-type: none"> ➤ To Drill Sundalpur # 2 to the depth of 3250 (±50)M. ➤ To conduct well testing & completion. 	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	:	<p>১. প্রকল্পের বিভিন্ন প্রকারের নির্মাণ পূর্ত কাজ সমাপ্ত করা হয়েছে। বৈদেশিক খনন মালামাল/যন্ত্রপাতি, মাড কেমিক্যাল, সিমেন্ট এন্ড এডিটিভস, ড্রিলিং বিট, লাইনার হেংগার ও কেসিং এক্সেসরিস, বিভিন্ন সাইজের কেসিং সংগ্রহ করা হয়েছে। কূপের অতি গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি “ওয়েল হেড এন্ড এক্সমাসট্রি” ক্রয়ের লক্ষ্যে ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। চুক্তি অনুযায়ী উক্ত “ওয়েল হেড এন্ড এক্সমাসট্রি” মালামাল জুন’২০১৭ এর পরে দেশে পৌঁছবে।</p> <p>২. শাহজাদপুর-সুন্দলপুর (সুন্দলপুর # ২) মূল্যায়ন/উন্নয়ন কূপ খনন প্রকল্পের খনন কাজে IDECO H-1700 (Mechanical) রিগ সংস্থাপন করা হয়েছে এবং জানুয়ারী ১০, ২০১৭ তারিখ হতে খনন কার্যক্রম শুরু হয়ে ২৬/০৩/২০১৭ তারিখে কূপটি ৩২৩৫ মিটার গভীরতা পর্যন্ত খনন কাজ সম্পন্ন করা হয়েছে। ডিএসপি, কেসিং, সিমেন্টিং, সিমেন্ট ড্রিলিং, পারফোরেশন, সিমেন্ট স্ক্রয়িজিং জব, লগিং, পারফোরেশন, ডিএসটি ও টেস্টিং সম্পন্ন করা হয়েছে।</p> <p>৩. গত ২০/০২/২০১৭ তারিখে সুন্দলপুর # ২ কূপে ১৪০০ মিটার গভীরতায় ডিএসটি করা হলে কূপটিতে গ্যাস প্রাপ্তি নিশ্চিত করা হয় এবং দৈনিক ১০ মিলিয়ন ঘনফুট গ্যাসের উপস্থিতি পাওয়া যায়। বর্তমানে কূপ হতে গ্যাস উৎপাদনের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।</p>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত)	:	- স্থানীয় মুদ্রা	: ১,৯৬৯.৮৫ লক্ষ টাকা
		নগদ বৈদেশিক মুদ্রা	: ৩,৪৬১.১২ লক্ষ টাকা
		মোট	: ৫,৪৩০.৯৭ লক্ষ টাকা
৯। ডিপিপি’র বিপরীতে অগ্রগতির শতকরা হার	:	বাস্তব	আর্থিক
		৭১.৯৮ %	৭১.৯৮ %

১। প্রকল্পের নাম	ঃ	Rupkalpa-1 Drilling Project.
২। প্রকল্প অনুমোদন পর্যায়	ঃ	প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত
৩। প্রকল্পের অবস্থান	ঃ	হারারগঞ্জ-১, উপজেলা- বড়লেখা, জেলা- মৌলভীবাজার, বিভাগ- সিলেট সালদা নর্থ-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম শ্রীকাইল ইস্ট-১, উপজেলা- মুরাদনগর, জেলা- কুমিল্লা, বিভাগ- চট্টগ্রাম শ্রীকাইল নর্থ-২ উপজেলা- মুরাদনগর, জেলা- কুমিল্লা, বিভাগ- চট্টগ্রাম কসবা-২, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম
৪। বাস্তবায়ন কাল	ঃ	০১ জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮
৫। প্রকল্প ব্যয়	ঃ	স্থানীয় মুদ্রা : ১৪,৬৫৮.০০ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ৩৩,১২৫.০০ লক্ষ টাকা মোট : ৪৭,৭৮৩.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	ঃ	➤ To Drill 3 Exploratory wells with a view to discovering oil/gas to increase the country's gas reserve and production. ➤ Subject to discover of oil/gas; additional 451.00 BCF recoverable oil/gas reserve of the country will be increased and additional 30 MMSCFD oil/gas will be production.
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	ঃ	১. প্রকল্পের অধীন খননতব্য ০৩ টি অনুসন্ধান কূপ (হারারগঞ্জ-১, শ্রীকাইল ইস্ট-১, সালদা নর্থ-১) ও ০২ টি উন্নয়ন কূপ (শ্রীকাইল নর্থ-২, কসবা-২) এর মধ্যে সালদা নর্থ-১ অনুসন্ধান কূপ খননের লক্ষ্যে ভূমি উন্নয়ন কাজ (মাটি ভরাট) চলছে। ডিসেম্বর ২০১৭ মাসে খনন শুরুর লক্ষ্যে খনন ও অন্যান্য বৈদেশিক মালামাল ক্রয় প্রক্রিয়া চলছে। গত ০১-০৩-২০১৭ তারিখে শ্রীকাইল ইস্ট-১ অনুসন্ধান কূপের লোকেশন দেয়া হয়েছে। উক্ত লোকেশনের ২.৪৫ একর ভূমি বি.বাড়িয়া অংশে এবং ৩.০৯৫৫ একর ভূমি কুমিল্লা জেলা অংশে অবস্থিত। দু-জেলার অধিগ্রহণ কার্যক্রম চলছে। কিন্তু হারারগঞ্জ-১ অনুসন্ধান কূপের লোকেশন এখনও প্রদান করা হয়নি। টার্নকি ভিত্তিতে অনুসন্ধান কূপ ২টি খননের জন্য রিগ ভাড়াকরণ কার্যটি বিশেষ বিধানের অধীন পিপিপি'র মাধ্যমে প্রক্রিয়াকরণ চলছে যা এখনও চূড়ান্ত হয়নি। শ্রীকাইল নর্থ-২ ও কসবা-২ উন্নয়ন কূপ ০২টি সংশ্লিষ্ট অনুসন্ধান কূপ ০২টি খননের সফলতার উপর ভিত্তি করে খনন করা হবে। ২. এডিপি ২০১৭-১৮ অর্থ বছরের জন্য ন.বৈ.মুদ্রা ৬০৭৫.০০ লক্ষ টাকাসহ মোট ১০,০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ অনুমোদন দেয়া হয়েছে। ৩. প্রকল্পের ২০১৭-১৮ অর্থ বছরের প্রথম দফায় ১৮৪.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে, এর মধ্যে সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত রাজস্ব খাতে ৮.৯৯ লক্ষ ও মূলধন খাতে ১১.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে।
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত)	ঃ	- স্থানীয় মুদ্রা : ১০০.৭৭ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ০.০০ লক্ষ টাকা মোট : ১২০.৮০ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	ঃ	- বাস্তব : ০.২৫ % আর্থিক : ০.২৫ %

১। প্রকল্পের নাম	ঃ	Rupkalpa-2 Drilling Project.
২। প্রকল্প অনুমোদন পর্যায়	ঃ	প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থান	ঃ	সেমুতাং সাউথ-১, উপজেলা- মানিকছড়ি, জেলা- খাগড়াছড়ি, বিভাগ- চট্টগ্রাম। সালদানদী সাউথ-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম। সালদানদী ওয়েস্ট-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম। বাতচিয়া-১, উপজেলা- কুলাউড়া, জেলা- মৌলভীবাজার, বিভাগ- সিলেট।
৪। বাস্তবায়ন কাল	ঃ	০১ জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮।
৫। প্রকল্প ব্যয়	ঃ	স্থানীয় মুদ্রা : ১৩,০০২.০০ লক্ষ টাকা নগদ বৈঃ মুদ্রা : ২৮,৪৫০.০০ লক্ষ টাকা মোট : ৪১,৪৫২.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	ঃ	➤ To Drill 4 Exploratory wells with a view to discovering oil/gas to increase the country's gas reserve and production. ➤ Subject to discover of oil/gas; additional 4358.00 BCF recoverable oil/gas reserve of the country will be increased and additional 23 MMSCFD oil/gas will be produced from this project.
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	ঃ	১. সেমুতাং সাউথ-১ কূপের অধিগ্রহণকৃত ৬.২০ একর জমিতে ভূমিউন্নয়ন ও সংযোগ সড়ক এবং বক্স কালভার্ট নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। ২. ন.বৈ.মুদ্রা ৮,২৬৮.০০ লক্ষ সহ মোট ১২,০০০.০০ লক্ষ টাকা ২০১৭-২০১৮ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রথম কিস্তিতে ১৩৮.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। ৩. সেমুতাং সাউথ-১ ও বাতচিয়া-১ অনুসন্ধান কূপ ২টি ভাড়াকৃত রিগ দিয়ে খনন করা হবে। বিশেষ বিধানের অধীন সেমুতাং সাউথ-১ কূপ ট্রানকি ভিত্তিতে খননের জন্য পিপিসি'র মাধ্যমে চূড়ান্তকৃত খনন ঠিকাদার 'সকার' ও 'বাপেক্স'-এর মধ্যে রিগ ভাড়ার চুক্তি ১৬-০৭-২০১৭তারিখ স্বাক্ষর হয়েছে। খনন ঠিকাদার কর্তৃক ১০/০৯/২০১৭ তারিখে পিজি দাখিল করেছে। বাপেক্স কর্তৃক নগদ বৈদেশিক মুদ্রার আওতায় ঋণপত্র স্থাপন প্রক্রিয়াধীন আছে।।
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত)	ঃ	- স্থানীয় মুদ্রা : ২৩৮.০৪ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ০.০০ লক্ষ টাকা মোট : ২৩৮.০৪ লক্ষ টাকা
৯। ডিপিসি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	ঃ	বাস্তব : ০.৫৭ % আর্থিক : ০.৫৭ %

১। প্রকল্পের নাম	ঃ	Rupkalpa-3 Drilling Project.
২। প্রকল্প অনুমোদন পর্যায়	ঃ	প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থান	ঃ	কসবা-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম। মাদারগঞ্জ-১, উপজেলা- জামালপুর সদর, জেলা- জামালপুর, বিভাগ- ঢাকা। জামালপুর-১, উপজেলা- জামালপুর সদর, জেলা- জামালপুর, বিভাগ- ঢাকা। শৈলকুপা-১, উপজেলা- শৈলকুপা সদর, জেলা- ঝিনাইদহ, বিভাগ- খুলনা।
৪। বাস্তবায়ন কাল	ঃ	০১ জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮।
৫। প্রকল্প ব্যয়	ঃ	স্থানীয় মুদ্রা : ১৩,৬০৮.০০ লক্ষ টাকা নগদ বৈঃ মুদ্রা : ২৪,৬৫৫.০০ লক্ষ টাকা মোট : ৩৮,২৬৩.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	ঃ	➤ To Drill 4 Exploratory wells with a view to discovering oil/gas to increase the country's gas reserve and production. ➤ Subject to discover of oil/gas; additional 2024 BCF gas reserve of the country will be increased and 24 MMSCFD gas will be produced from this projec
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	ঃ	১. কসবা # ১ অনুসন্ধান কূপ খনন লোকেশন ও এপ্রোচ রোড মাটি ভরাট কাজের জন্য নির্বাচিত ঠিকাদার ১০/০৮/২০১৭ তারিখ হতে কাজ আরম্ভ করেছে যা চলমান রয়েছে। ২. কসবা # ১ কূপ খননের লক্ষ্যে প্রয়োজনীয় খনন মালামাল (বৈদেশিক) ও থার্ড পার্টি সার্ভিসেস কোম্পানী ভাড়া লক্ষ্যে ক্রয় প্রস্তাব পিপিসি কমিটিতে প্রেরণ করা হয়েছে। যে সকল প্রস্তাব পিপিসি কমিটি অনুমোদন প্রদান করেছে, এদের দরপত্র আহ্বান করা হয়েছে। প্রাপ্ত কিছু কিছু দরপত্র মূল্যায়নের কাজ শেষে কৃতকার্য দরদাতাগণকে ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। ৩. কসবা লোকেশন রিগ প্যাড, মেশিনারী প্যাড তৈরীসহ যাবতীয় নির্মাণ কাজের জন্য ঠিকাদারকে কার্যাদেশ দেয়া হয়েছে। ৪. মাদারগঞ্জ # ১ (ভাড়া কৃত রিগ দ্বারা খনন করা হবে) এর লোকেশন গত ১৭.০৬.২০১৭ তারিখে পাওয়া গেছে। ভূমি অধিগ্রহণের লক্ষ্যে ভূমি অফিস ও ডিসি অফিস হতে প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পেট্রোবাংলা বরাবর পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে ৩১/০৮/২০১৭ তারিখে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় হতে জমি হুকুম দখলের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। একই সাথে লোকেশনের ভূমি উন্নয়ন অর্থাৎ মাটি কাটা, মাটি ভরাট ও এপ্রোচ রোড নির্মাণ ইত্যাদি কাজের জন্য ঠিকাদার নিয়োগের লক্ষ্যে দরপত্র দলিল তৈরী ও পিপিসি এর অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৫. মাদারগঞ্জ # ১ অনুসন্ধান কূপটি খননের জন্য মেসার্স সকার, আজারবাইজান এর সাথে গত ১৬/০৭/২০১৭ তারিখে চুক্তি সম্পাদন হয়েছে।
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত)	ঃ	- স্থানীয় মুদ্রা : ৩৯.৭১৫ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ০.০০ লক্ষ টাকা মোট : ৩৯.৭১৫ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	ঃ	বাস্তব : ০.১০ % আর্থিক : ০.১০ %

১। প্রকল্পের নাম	ঃ	Rupkalpa-4 Drilling Project.
২। প্রকল্প অনুমোদন পর্যায়	ঃ	প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থান	ঃ	শাহবাজপুর ইষ্ট-১, উপজেলা- বোরহানুদ্দিন, জেলা- ভোলা, বিভাগ- বরিশাল। ভোলা নর্থ-১, উপজেলা- ভোলা সদর, জেলা- ভোলা, বিভাগ- বরিশাল। ওয়ার্ডওয়ার (শাহবাজপুর-১ ও ২), উপজেলা- বোরহানুদ্দিন, জেলা- ভোলা, বিভাগ- বরিশাল।
৪। বাস্তবায়ন কাল	ঃ	০১ জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮।
৫। প্রকল্প ব্যয়	ঃ	স্থানীয় মুদ্রা : ১২,৭৬৫.০০ লক্ষ টাকা নগদ বৈঃ মুদ্রা : ৩৩,৪৪৫.০০ লক্ষ টাকা মোট : ৪৬,২১০.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	ঃ	➤ To Drill 02 Exploratory wells with a view to discovering oil/gas to increase the country's gas reserve and production. ➤ Subject to discover of oil/gas; additional 204 BCF recoverable oil/gas reserve of the country will be increased and 39 MMSCFD oil/gas will be produced from this project.
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	ঃ	১. শাহবাজপুর # ২ নং কূপের ওয়ার্ডওয়ার কাজ সমাপ্তির পর বর্তমানে প্রতিদিন কমবেশী ২৪ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন করে পাইপলাইনে সরবরাহ করা হচ্ছে। শাহবাজপুর # ১ নং কূপের ওয়ার্ডওয়ার কাজ চলমান রয়েছে। ২. শাহবাজপুর ইষ্ট-১ খননের জন্য গত ২১/০৮/২০১৭ তারিখে 5K BOP দ্বারা খনন কাজ শুরু করে ১৭২৫ মিটার সম্পন্ন করে। চুক্তি মোতাবেক 10K BOP দ্বারা খনন কাজ পরিচালনার নিমিত্তে সদ্য আমদানীকৃত 10K BOP টি বিমানবন্দরে খালাসের অপেক্ষায় রয়েছে। আবহাওয়া অনুকূলে থাকলে নভেম্বর/২০১৭ এর মধ্যে কূপ খননের কাজ সমাপ্ত হবে। ৩. ভোলা নর্থ-১ কূপের সিভিল ওয়ার্ড ৯০% সম্পন্ন হয়েছে। শাহবাজপুর ইষ্ট # ১ এর খনন শেষে জানুয়ারী/২০১৮ এর মধ্যে রিগ মোবিলাইজ সম্পন্ন হবে।
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত)	ঃ	- স্থানীয় মুদ্রা : ৭৫৫.৬৮ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ০.০০ লক্ষ টাকা মোট : ৭৫৫.৬৮ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	ঃ	বাস্তব : ১.৬৪ % আর্থিক : ১.৬৪ %

২.৮

Procurement of one Drilling and one Workover Rig with Supporting Equipment for BAPEX Project

১। প্রকল্পের নাম	:	Procurement of one Drilling and one Workover Rig with Supporting Equipment for BAPEX Project.	
২। প্রকল্প অনুমোদন পর্যায়	:	প্রকল্পটি ১৯-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থান	:	বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫	
৪। বাস্তবায়ন কাল	:	০১ জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮	
৫। প্রকল্প ব্যয়	:	স্থানীয় মুদ্রা	: ৩,৬৯২.০০ লক্ষ টাকা
		নগদ বৈঃ মুদ্রা	: ২৯,০৬৫.০০ লক্ষ টাকা
		মোট	: ৩২,৭৫৭.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	:	The main objective of the project is to strengthen operational capability of BAPEX so that present and future drilling and workover operation of BAPEX can be successfully, safely and efficiently run with modern methods of drilling and workover technology and with adequately trained human resources.	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	:	<p>১. প্রকল্পের অধীনে ৬০০-৬৫০ হর্স পাওয়ার মেকানিক্যাল ওয়ার্কওভার রিগ এবং রিগ সাপোর্টিং যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্তে আহ্বায়িত দরপত্রের বিপরীতে প্রাপ্ত দরপত্রসমূহের কারিগরী ও আর্থিক মূল্যায়নকৃত সর্বনিম্ন দরদাতা M/s. SJ Petroleum Machinery Co. Sinopec, China এর সাথে চুক্তি স্বাক্ষর এবং L/C Opening করতঃ ড্রয়িং অনুমোদন করা হয়েছে।</p> <p>২. প্রকল্পের অধীনে ২৫০০-৩০০০ হর্স পাওয়ার খনন রিগ এবং রিগ সাপোর্টিং যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্তে আহ্বায়িত দরপত্রের বিপরীতে প্রাপ্ত দরপত্রসমূহের কারিগরী মূল্যায়ন সম্পন্ন করা হয়। প্রস্তাব প্রক্রিয়াকরণ কমিটির সিদ্ধান্ত মোতাবেক “২৫০০-৩০০০ হর্স পাওয়ার খনন রিগ ক্রয়ের লক্ষ্যে আর্থিক প্রস্তাব উন্মুক্ত করে রিগ ব্যতীত অপরাপর সামগ্রীর মূল্য সংক্রান্ত বিষয়ে পিপিসি’র পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে”। এ প্রেক্ষিতে আর্থিক দরপত্র উন্মোচন করা হয়েছে এবং পিপিসি’র নির্দেশনা মোতাবেক কাজ চলছে।</p>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত)	:	- স্থানীয় মুদ্রা	: ৮৬.৮৭ লক্ষ টাকা
		নগদ বৈদেশিক মুদ্রা	: ০.০০ লক্ষ টাকা
		মোট	: ৮৬.৮৭ লক্ষ টাকা
৯। ডিপিপি’র বিপরীতে অগ্রগতির শতকরা হার	:	বাস্তব	আর্থিক
		০.২৭ %	০.২৭ %

২.৯ Rehabilitation of Gardner Denver E-1100 (IPS) Rig Project

- ১। প্রকল্পের নাম : **Rehabilitation of Gardner Denver E-1100 Rig Project.**
- ২। প্রকল্প অনুমোদন পর্যায় : প্রকল্পটি ১২-০৪-২০১৭ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
- ৩। প্রকল্পের অবস্থান : থানা- তেজগাঁও, জেলা- ঢাকা, বিভাগ- ঢাকা।
- ৪। বাস্তবায়ন কাল : সেপ্টেম্বর, ২০১৬ হতে নভেম্বর, ২০১৮।
- ৫। প্রকল্প ব্যয় : স্থানীয় মুদ্রা : ৭৮৯.০০ লক্ষ টাকা
 নগদ বৈঃ মুদ্রা : ৬,২৯৫.০০ লক্ষ টাকা
 মোট : ৭,০৮৪.০০ লক্ষ টাকা
- ৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য : The Main objective of the project is to strengthen operational capability of BAPEX so that present and future drilling and workover operation of BAPEX can be successfully, safety and efficiently run with modern methods of drilling and workover technology and with adequately trained human resources.
- ৭। প্রক্রিয়াধীন অগ্রগতি : ১. প্রকল্পের ডিপিপি'টি ১২-০৪-২০১৭ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায় এবং ০৫-০৬-২০১৭ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা হয়েছে।
 ২. প্রকল্পের অধীনে ক্রয়ের নিমিত্তে আহ্বায়িত দরপত্র নং- বাপেক্স/এডমিন/আইএনটি/টিইএন-৭৯৩/২০১৬, তারিখঃ ১৮-১০-২০১৬ এর বিপরীতে প্রাপ্ত দরপত্রসমূহের কারিগরী ও আর্থিক মূল্যায়নকৃত সর্বনিম্ন দরদাতা Sangdong Kerui Petroleum Equipment Co.Ltd., China এর বিষয়ে ৩৮৫তম বোর্ডকে অবহিত করা হয়েছে। বোর্ড সভায় রিগ প্রস্তুতকারী প্রতিষ্ঠান বরাবর দরপত্রের প্রেরণের জন্য জানিয়েছেন। এর পরিশ্রমিক্তে রিগ প্রস্তুতকারী প্রতিষ্ঠান M/S NOV হতে প্রাপ্ত দরপত্রের মূল্যায়ন করা হয়েছে এবং ৩৯১ তম বোর্ড সভায় উপস্থাপন করা হয়েছে। বোর্ড সভায় চলমান দরপ্রক্রিয়া বাতিল ও ডিপিপি বরাদ্দ এর মধ্যে পুনরায় মূল্যায়ন করে উপস্থাপন করার জন্য জানিয়েছে।
- ৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত) :
 - স্থানীয় মুদ্রা : - লক্ষ টাকা
 নগদ বৈদেশিক মুদ্রা : - লক্ষ টাকা
 মোট : - লক্ষ টাকা
- ৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার : বাস্তব আর্থিক
 - % - %

- ১। প্রকল্পের নাম : **Rupkalpa-9: 2D Seismic Project.**
- ২। প্রকল্প অনুমোদন পর্যায় : প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
- ৩। প্রকল্পের অবস্থান : টাঙ্গাইল, জামালপুর, ময়মনসিংহ এবং শেরপুর জেলা।
- ৪। বাস্তবায়ন কাল : এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০১৯।
- ৫। প্রকল্প ব্যয় : স্থানীয় মুদ্রা : ৫,৯৮৮.০০ লক্ষ টাকা
নগদ বৈদেশিক মুদ্রা : ৬,৩৫০.০০ লক্ষ টাকা
মোট : ১২,৩৩৮.০০ লক্ষ টাকা
- ৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য : The main objective is to
Identify Exploratory well location on previously identified 19 seismic leads under vision 2021 in the exploration block 8 & 11.
➤ Identify probable leads/prospect by conducting seismic survey to delineate drillable subsurface structure
➤ Find out new exploratory well location to enhance hydrocarbon resource/reserve.
- ৭। প্রক্রিয়াধীন অগ্রগতি : ১. প্রকল্পের আওতায় প্রস্তাবিত মোট ৩০০০ লাইন কি.মি. এর উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের কাজ সম্পাদন করা হবে। বর্তমানে প্রকল্পের আওতায় আন্তর্জাতিক সার্ভিস প্রোভাইডার নিয়োগের নিমিত্তে প্রাপ্ত আরএফপি প্রস্তাব কমিটির মাধ্যমে মূল্যায়নের কাজ চলছে। এ ছাড়া প্রকল্পের আওতায় অন্যান্য ক্রয়ের কাজ চলমান রয়েছে।
- ৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত) :
- স্থানীয় মুদ্রা : - লক্ষ টাকা
নগদ বৈদেশিক মুদ্রা : - লক্ষ টাকা
মোট : - লক্ষ টাকা
- ৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার :
বাস্তব : আর্থিক
- % : - %

১। প্রকল্পের নাম	ঃ	Rupkalpa-5 Drilling Project.									
২। প্রকল্প অনুমোদন পর্যায়	ঃ	প্রকল্পটি ৩০-০৫-২০১৭ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।									
৩। প্রকল্পের অবস্থান	ঃ	কুমিল্লা, নোয়াখালী এবং পাবনা জেলা।									
৪। বাস্তবায়ন কাল	ঃ	এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০১৮।									
৫। প্রকল্প ব্যয়	ঃ	স্থানীয় মুদ্রা : ৮,৫২০.০০ লক্ষ টাকা নগদ বৈঃ মুদ্রা : ২১,৪৮০.০০ লক্ষ টাকা মোট : ৩০,০০০.০০ লক্ষ টাকা									
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	ঃ	<ul style="list-style-type: none"> ➤ To drill two exploratory & one appraisal cum development wells with a view to discovering oil/gas and one workover operation to increase the country's gas reserve & production. ➤ To add additional 190 BCF recoverable gas reserve (considering recovery factor 65%) of the country and to increase 26 MMSCFD gas production daily from this project depending upon discovery. 									
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	ঃ	<ol style="list-style-type: none"> ১. প্রকল্পের আওতায় ১টি ওয়ার্কওভার, ১টি উন্নয়ন এবং ২টি অনুসন্ধান কূপ খনন করা হবে। ২. বেগমগঞ্জ-৩ ওয়ার্কওভারঃ পূর কাজের ৭টি দরপত্রের মূল্যায়ন কাজ সম্পন্ন হয়েছে এবং NOA প্রদান করা হয়েছে। শীঘ্রই কার্যাদেশ প্রদান করা হবে। Handling tools, Packer milling tools, Etc., Well completion materials and bridge plug এর দরপত্র মূল্যায়নের প্রতিবেদন পিপিசி এর নিকট অনুমোদনের নিমিত্তে উপস্থাপন করা হয়েছে। Wire line logging service এর দরপত্র আহ্বান করা হয়েছে। ১৭.১০.২০১৭ তারিখ দরপত্র উন্মোচন করা হবে। DST service, cementing unite and accessories দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন রয়েছে। ৩. বেগমগঞ্জ-৪ উন্নয়ন কাম মূল্যায়ন কূপঃ জমি হস্তান্তর গ্রহণ সম্পন্ন করতঃ জমি ভরাট ও সংযোগ সড়ক ভরাট কাজ এর দরপত্র e-GP প্রক্রিয়ায় ৩.১০.২০১৭ তারিখ উন্মোচন করা হবে। ভাড়া রিগ দ্বারা খনন করার লক্ষ্যে ইতোমধ্যে SOCAR-AQS এর সাথে চুক্তি মোতাবেক Performance Guarantee নিমিত্তে পত্র প্রদান করা হয়েছে। ৪. শ্রীকাইল নর্থ-১ অনুসন্ধান কূপঃ ভাড়া রিগ দ্বারা খনন করা হবে। জমি হস্তান্তর গ্রহণ শেষ পর্যায়ে। জমি ভরাট ও সংযোগ সড়ক ভরাট কাজ এর দরপত্র মূল্যায়ন শেষে মূল্যায়ন প্রতিবেদন পিপিசி কমিটিতে অনুমোদিত হয়েছে এবং সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে প্রেরণ করা হয়েছে। ৫. মোবারকপুর সাউথ ইস্ট-১ অনুসন্ধান কূপঃ ভাড়া রিগ দ্বারা খনন করা হবে। জমি হস্তান্তর গ্রহণ সম্পন্ন হয়েছে। ৩-ডি সার্ভে দ্বারা মূল্যায়নের পরে জমি ভরাট ও সংযোগ সড়ক ভরাট কাজ করা হবে। 									
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত)	ঃ	<table border="0"> <tr> <td>- স্থানীয় মুদ্রা</td> <td>ঃ</td> <td>- লক্ষ টাকা</td> </tr> <tr> <td>নগদ বৈদেশিক মুদ্রা</td> <td>ঃ</td> <td>- লক্ষ টাকা</td> </tr> <tr> <td>মোট</td> <td>ঃ</td> <td>- লক্ষ টাকা</td> </tr> </table>	- স্থানীয় মুদ্রা	ঃ	- লক্ষ টাকা	নগদ বৈদেশিক মুদ্রা	ঃ	- লক্ষ টাকা	মোট	ঃ	- লক্ষ টাকা
- স্থানীয় মুদ্রা	ঃ	- লক্ষ টাকা									
নগদ বৈদেশিক মুদ্রা	ঃ	- লক্ষ টাকা									
মোট	ঃ	- লক্ষ টাকা									
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	ঃ	<table border="0"> <tr> <td>বাস্তব</td> <td></td> <td>আর্থিক</td> </tr> <tr> <td>- %</td> <td></td> <td>- %</td> </tr> </table>	বাস্তব		আর্থিক	- %		- %			
বাস্তব		আর্থিক									
- %		- %									

গৃহীত পদক্ষেপ		দৃষ্টিনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
১) কোম্পানীর ঢাকাস্থ দপ্তর সমূহ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা হয়েছে।	১) কোম্পানীর প্রধান কার্যালয়ে বিভিন্ন তলায় স্থাপিত ২১টি অগ্নিনির্বাপক যন্ত্র দৃষ্টিনার সময় ব্যবহারের লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে।	প্রতিবেদনকালীন মাসে কোম্পানীর কোন ফিল্ড/ বিভাগে অপারেশনাল, রক্ষণাবেক্ষণ ও পরিবেশগত কোনরূপ দৃষ্টিনা/অনুঘটনা ঘটেনি।
২) কোম্পানীর ঢাকায় চলাচলরত পেট্রোলচালিত যানবাহনের মধ্যে অধিকাংশ যানবাহনকে সিএনজিতে রূপান্তর করা হয়েছে।	২) প্রধান কার্যালয়ের প্রবেশ পথে ও প্রতিটি তলায় নিরাপত্তা প্রহরীগণ নিরাপত্তা কাজে নিয়োজিত আছেন।	
৩) বাপেক্সের ডাটা ম্যানেজমেন্ট বিভাগের টেপ প্রিজারভেশন কক্ষে সংরক্ষিত ম্যাগনেটিক টেপ ও অন্যান্য ডকুমেন্টস এবং ডাটা প্রিজারভেশন কক্ষে সংরক্ষিত সাইসমকি সেকশন, ওয়েল লগ, বিভিন্ন রিপোর্ট ইত্যাদির হার্ড কপি ডাটা প্রয়োজনীয় সহায়ক পরিবেশে সংরক্ষণের জন্য এয়ারকুলার ও ডিহিউমিডিফায়ারের সাহায্যে অফিস সময়ের পর এবং সরকারী ছুটির দিনে টেপ ও ডাটা স্টোরের তাপমাত্রা ও আদ্রতা নিয়ন্ত্রণ করা হয়।	৩) বাপেক্সের ডাটা সেন্টারের মজুদকৃত ডাটার জন্য পেট্রোসেন্টারের ১০ম তলায় ডাটা সেন্টার অফিসে ১৭টি অগ্নিনির্বাপক যন্ত্র সচল রাখার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	
৪) বাপেক্সের পরীক্ষাগারে ব্যবহৃত যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি সংশ্লিষ্ট ম্যানুয়ালে বর্ণিত নিয়মানুযায়ী স্থাপিত ও ব্যবহৃত হয়ে থাকে।	৪) বাপেক্সের পরীক্ষাগারে সেইফটি বিধিমালায় আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে অত্র বিভাগের কার্যাদি পরিচালিত হয়ে আসছে।	
৫) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রে এলাকায় অত্র অর্থ বছরে ক্রয়কৃত ও বিভিন্ন সময়ে রোপনকৃত বিভিন্ন প্রকার বনজ, ফলজ, ঔষধি ও ফুলের গাছ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	৫) সালদানদী গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা টোকিসমূহে সার্বক্ষণিক নিরাপত্তার স্বার্থে নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনে নিয়োজিত আনসার/নিরাপত্তা প্রহরীগণের মধ্যে ০১ জন পিসি এবং ০১ জন এপিসি তাদের তদারকির দায়িত্বে কর্মরত আছেন। এছাড়া অতিরিক্ত নিরাপত্তার লক্ষ্যে ০৩ জন কর্মকর্তা নিরাপত্তা তত্ত্বাবধানে নিয়োজিত আছেন।	
৬) প্রসেস প্লান্ট, সিকিউরিটি পোস্ট, মেইন গেট, স্কীম পিট, গ্যাদারিং লাইন, ট্যাংক এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত চলছে।	৬) সালদানদী গ্যাস ক্ষেত্রে বর্তমানে ২৪ টি অগ্নিনির্বাপকযন্ত্র দৃষ্টিনার সময় ব্যবহার করার লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে।	
৭) অত্র গ্যাস ক্ষেত্রের প্রসেস প্লান্ট ও ক্যাম্প এলাকায় পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ চলছে।	৭) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রে স্থাপিত অগ্নিনির্বাপক যন্ত্রগুলো এবং ফায়ার ওয়াটার ইঞ্জিন পাম্প প্রতি সপ্তাহান্তে পরীক্ষা নিরীক্ষা ও কার্যপোযোগী করা হয়েছে, যাতে আপদকালীন সময়ে যথাযথভাবে ব্যবহার করা যেতে পারে।	
৮) সেমুতাং গ্যাস ক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করা হয়েছে।	৮) বিভিন্ন স্থানের অগ্নিনির্বাপক যন্ত্র ও হাইড্রেন্ট লাইনসমূহ কার্যক্ষম করে যথাস্থানে স্থাপন করা হয়েছে।	
৯) বৃক্ষ রোপন কর্মসূচী সফল করার লক্ষ্যে রোপনকৃত চারা গাছসহ বিভিন্ন সময়ে রোপিত অন্যান্য গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	৯) নিরাপত্তা কাজে নিয়োজিত আনসার ও সিকিউরিটি বাহিনীর কার্যক্রম প্রতিনিয়ত তদারকি করা হচ্ছে।	
১০) সালদানদী গ্যাস ক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করাসহ ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১০) কন্ট্রোল রুম ও বিভিন্ন স্থানে স্থাপিত ফায়ার/স্মোক ডিটেকটর ও অ্যালার্ম ডিভাইসগুলো চেক করা হয়েছে।	
১১) বৃক্ষ রোপণ কর্মসূচীর আওতায় রোপনকৃত চারা গাছসহ বিভিন্ন সময়ে রোপিত অন্যান্য গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১১) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রে ১নং গ্যাস উৎপাদন কুপের কন্ট্রোল রুমের চারিপাশ আগাছমুক্ত ও পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়েছে।	
১২) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের ১নং ও ২নং কুপ এলাকায় বিভিন্ন সময় রোপিত ফলজ, বনজ ও ঔষধি গাছসহ এ পর্যন্ত লাগানো বৃক্ষসমূহ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১২) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের ভাণ্ডার ভবনের সামনে একটি গোড়াউন ঘর তৈরী করে সেখানে পেট্রোল, ডিজেল ইত্যাদি সংরক্ষণ করা হয়েছে।	

গৃহীত পদক্ষেপ		দৃষ্টিনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
	<p>১৩) সেমুতাং গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা চৌকিসমূহে সার্বক্ষণিক নিরাপত্তার স্বার্থে অস্থায়ী নিরাপত্তা প্রহরীগণ নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনে নিয়োজিত আছেন এবং ০১ জন নিরাপত্তা প্রহরী তাদের তদারকির দায়িত্বে কর্মরত আছেন। এছাড়া একটি মনিটরিং সেল নিরাপত্তা ব্যবস্থা তদারকি করে থাকেন।</p> <p>১৪) খনন চলাকালীন সময়ে সেইফটি বিষয়ে গৃহীত পদক্ষেপ সমূহ নিম্নরূপ :-</p> <p>(ক) ফিল্ডে কুপের নিরাপত্তার কাজে ব্যবহৃত বিভিন্ন প্রকার যন্ত্রপাতি যেমন- BOP & Control Panel, Gray Valve, Kelly Cock (Upper & Lower) ইত্যাদির কার্যকারিতা মাঝে মাঝে পরীক্ষা করা হয়।</p> <p>(খ) পরিবেশ দূষণ প্রতিরোধে Mud Pit-এর ব্যবস্থা রাখা হয়েছে।</p> <p>(গ) অগ্নি নির্বাপনের জন্য বিভিন্ন ধরনের Fire Extinguisher এর ব্যবস্থা রাখা হয়েছে।</p> <p>(ঘ) কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত নিরাপত্তার জন্য safety shoe/safety boot, helmet, rain coat, hand gloves, safety belt ইত্যাদির ব্যবস্থা রাখা হয়েছে। তাছাড়াও ladder, railing এবং First Aid-এর ব্যবস্থা আছে।</p> <p>১৫) টেকনিক্যাল সার্ভিসেস বিভাগ :-</p> <p>(ক) টেকনিক্যাল সার্ভিসেস বিভাগের উপ-বিভাগ সমূহে ব্যবহৃত ইকুইপমেন্ট, যন্ত্রপাতি ও কেমিক্যাল যথাযথ নিয়ম মেনে ব্যবহার করা হয়েছে।</p> <p>(খ) সেইফটি বিধিমালায় আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে টেকনিক্যাল সার্ভিসেস বিভাগের কার্যাদি পরিচালিত হয়েছে।</p>	

১। অনুসন্ধান ভূ-তত্ত্ব

ঃ

- ০১। জরিপ কাজের সংগৃহীত তথ্য উপাত্ত বিশ্লেষণ পূর্বক Geological report তৈরির কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।
- ০২। ভোলা জেলার চরফ্যাশন উপজেলার নুরাবাদ ইউনিয়নে হাফিজিয়া মাদ্রাসা সংলগ্ন নলকূপ হতে গ্যাস উদ্গীরন স্থান সরেজমিনে পরিদর্শন করতঃ সংগৃহীত গ্যাস নমুনা বিশ্লেষণের জন্য পরীক্ষাগার বিভাগে প্রেরণ করা হয়েছে এবং প্রতিবেদন প্রস্তুত এর কাজ চলমান রয়েছে।
- ০৩। নোয়াখালী জেলার কবিরহাট উপজেলার ৩নং ধানসিঁড়ি ইউনিয়নের উত্তর জগদানন্দ গ্রামে নলকূপ হতে গ্যাস উদ্গীরন স্থান সরেজমিনে পরিদর্শন করতঃ প্রতিবেদন প্রস্তুত এর কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।
- ০৪। ঢাকা জেলার ডেমরা এলাকায় অবস্থিত লতিফ বাওয়ানী জুট মিলস এর পরিত্যক্ত ডিপ টিউবওয়েল হতে খনিজ তৈল জাতীয় পদার্থের উদ্গীরিত স্থান সরেজমিনে পরিদর্শন করতঃ সংগৃহীত তৈল নমুনা রাসায়নিক বিশ্লেষণের জন্য পরীক্ষাগার বিভাগে প্রেরণ করা হয়েছে এবং প্রতিবেদন প্রস্তুত এর কাজ চলমান রয়েছে।
- ০৫। ভূতাত্ত্বিক জরিপ দলের ২০১৭-২০১৮ মাঠ মৌসুমের ভূতাত্ত্বিক জরিপ কাজের প্রস্তুতিমূলক কাজ চলছে।
- ০৬। বাতচিয়া ভূগঠনের Seismic data এবং ভূতাত্ত্বিক জরিপ থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত ব্যবহার করে তুলনামূলক বিশ্লেষণ এর কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

২। বেসিন স্টাডি

ঃ

- ০৭। জকিগঞ্জ এলাকায় জকিগঞ্জ প্রসপেক্ট এর বিদ্যমান সাইসমিক উপাত্তসমূহ ও অন্যান্য ভূতাত্ত্বিক উপাত্তসমূহ বিশ্লেষণের কাজ শেষে G&G কমিটি কর্তৃক কূপ খনন স্থানের কো-অর্ডিনেট চূড়ান্ত করা হয়েছে।
- ০৮। ব্লক-৮ এলাকার উপর Petrobangla, BAPEX, BPI ও MOECO এর সমন্বয়ে গঠিত টেকনিক্যাল টিমের তৈরীকৃত প্রতিবেদন ও অত্র এলাকার বিদ্যমান অন্যান্য তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে G&G কমিটির নির্দেশনা মোতাবেকমাদারগঞ্জ অনুসন্ধান কূপ#১ এর কূপ প্রস্তাবনা প্রণয়নের কাজ চলমান রয়েছে।
- ০৯। বাতচিয়া প্রসপেক্ট এ সদ্য সংগৃহীত ২-ডি সাইসমিক উপাত্তসমূহ বিশ্লেষণের কাজ চলমান রয়েছে।
- ১০। ঢাকা-সাভার-মানিকগঞ্জ এলাকায় সদ্য সংগৃহীত ২-ডি সাইসমিক উপাত্তসমূহ বিশ্লেষণের কাজ চলমান রয়েছে।

৩। ফরমেশন ইন্ডালুয়েশন

ঃ

- ১১। ফেঞ্চুগঞ্জ # ৪ নং কূপ Through tubing Wireline Logging, Bridge plug, Perforation কার্যক্রমের মাধ্যমে পুনরায় উৎপাদনে আনার লক্ষ্যে তৃতীয় পক্ষীয় সেবার বিপরীতে Technical Specification প্রস্তুতের কাজ চূড়ান্ত হয়েছে।
- ১২। ফেঞ্চুগঞ্জ # ৪ কূপটিকে পুনরায় উৎপাদনে আনার লক্ষ্যে তৃতীয় পক্ষীয় সেবার বিপরীতে Wireline Logging সেবা গ্রহণের নিমিত্তে বোর্ডে উপস্থাপনের জন্য একটি কার্যপত্র প্রস্তুত করা হয়েছে।
- ১৩। শাহজাদপুর-সুন্দলপুর #২ নং মূল্যায়ন/উন্নয়ন কূপের Wireline Logging Services গ্রহণের বিপরীতে দাখিলকৃত ফেব্রুয়ারী এবং মার্চ মাসের Invoice Certify এর কাজ চলমান রয়েছে।
- ১৪। শাহজাদপুর-সুন্দলপুর #২ নং মূল্যায়ন/উন্নয়ন কূপ হতে সংগৃহিত Wireline Log data, DST data ও অন্যান্য তথ্য-উপাত্ত বিশ্লেষণপূর্বক খসড়া মজুদ নির্ণয় করা হয়েছে এবং রিপোর্ট প্রণয়নের কাজ চলমান রয়েছে।
- ১৫। শাহবাজপুর #২ নং কূপের Workover কাজে Wireline Logging Services গ্রহণপূর্বক বিল পরিশোধের জন্য চুক্তিপত্র প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ১৬। রশিদপুর #৯ নং কূপের Wireline Log data এবং অন্যান্য তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে গ্যাস মজুদ নির্ণয় পূর্বক পূর্ণাঙ্গ Reserve Report চূড়ান্তকরণের কাজ চলমান রয়েছে।
- ১৭। শাহবাজপুর গ্যাসক্ষেত্রের Wireline Log data ও অন্যান্য তথ্য-উপাত্ত বিশ্লেষণ পূর্বক Reserve Re-evaluation এর কাজ চলমান রয়েছে।
- ১৮। শ্রীকাইল গ্যাসক্ষেত্রের Wireline Log data ও অন্যান্য তথ্য-উপাত্ত বিশ্লেষণ পূর্বক Reserve Re-evaluation এর কাজ চলমান রয়েছে।

৪। ফিল্ড উন্নয়ন ভূ-তত্ত্ব

ঃ

- ১৯। রূপকল্প-৪ প্রকল্পের অধীনে গ্যাজপ্রম কর্তৃক শাহবাজপুর ইস্ট-১ অনুসন্ধান কূপ খননের কাজ চলছে। একজন ভূতত্ত্ববিদ খনন এলাকায় অবস্থানপূর্বক সার্বক্ষণিক ভূতাত্ত্বিক পর্যবেক্ষণ করছেন।
- ২০। শ্রীকাইল নর্থ-১ অনুসন্ধান কূপ এবং সেমুতাং দক্ষিণ-১ অনুসন্ধান কূপ এর GTO প্রণয়নের কাজ চলছে।
- ২১। মোবরকপুর-১, ফেঞ্চুগঞ্জ-৫, শ্রীকাইল-২, সুনেত্র-১ এবং সালদানদী-৪ কূপের Well Completion Report চূড়ান্ত করণের কাজ চলছে।
- ২২। সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং ও শ্রীকাইল গ্যাসক্ষেত্রের উৎপাদন ও Well Head Pressure নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।

৫। আইওসি কার্যক্রম

ঃ

- ২৩। KrisEnergy এর সাথে PSC Block-9 এর অংশীদার হিসাবে বাঙ্গোরা গ্যাস ক্ষেত্রের অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে।
- ২৪। Santos Sangu Field Ltd.-KrisEnergy Bangladesh Ltd. এর সাথে PSC Block SS-11 এর ক্রেডিট পার্টনার হিসাবে অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে।
- ২৫। ONGC Videsh Ltd. (OVL) ও Oil India Ltd. (OIL) এর সাথে PSC Block SS-4 ও SS-9 এর ক্রেডিট পার্টনার হিসাবে অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে। আগামী শুরুর মৌসুমে ব্লক- SS-4 এ কাঞ্চন-১ নামে একটি অনুসন্ধান কূপ খননের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পিএসসির আলোকে পার্টনারদের মধ্যে স্বাক্ষরিতব্য Joint Operating Agreement (JOA) টি চূড়ান্তকরণের কাজ চলছে।
- ২৬। Niko Resources vs BAPEX & PETROBANGLA মামলায় (ICSID Case Nos.ARB/10/11 and ARB/10/18) বাপেক্স ও পেট্রোবাংলা নিযুক্ত আইনি প্রতিষ্ঠানের মামলা পরিচালনার জন্য প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সরবরাহ করার কাজ চলমান রয়েছে।

৫। আইওসি কার্যক্রম

ঃ

- ২৭। অত্র বিভাগের ৪ (চার) জন কর্মকর্তা M/s Schlumberger SEACO Inc. কর্তৃক আয়োজিত গুরগাঁও, ভারতে অনুষ্ঠিত “Work Association on Exploration and Production (E&P) Software” শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।
- ২৮। অত্র বিভাগের ৪ (চার) জন কর্মকর্তা Bangladesh petroleum institute (BPI) কর্তৃক আয়োজিত উত্তরা, ঢাকায় অনুষ্ঠিত “Introduction to Drilling technology & Fluids” শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।

১। ডাটা প্রসেসিং উপবিভাগ :

- ক) ২০১৬-২০১৭ মার্চ মৌসুমে ফেনী-চট্টগ্রাম-খাগড়াছড়ি এলাকায় সংগৃহীত সাইসমিক জরিপ FNSTR-01 FNST-02 FNST-04 FNST-06 STGLR-03, FNST-06, FNST-08, FNST-10, FNST-61, FNST-81, FNST-101, KHRC-05 ও KHRC-12 লাইনসমূহের Final Processing এর কাজ চলমান আছে।
- খ) ২০১৬-২০১৭ মার্চ মৌসুমে পাথারিয়া-হারারগঞ্জ-বাতচিয়া এবং সিলেট প্রস্পেক্ট ডুপিটিলা-জকিগঞ্জ এলাকায় সংগৃহীত সাইসমিক জরিপ BSU-09, BSU-11, BSU-19, BSU-22, BSU-23, BSU-24, BSU-27, BSU-28, BSU-31, BSU-32, BSU-36, BSU-40, BSU-44, BSU-48, BSU-78, BSU-03 BSU-05, BSU-13, BSU-26, লাইনসমূহের এবং ZG-21, ZG-22, ZG-23, ZG-24, ZG-25, ZG-26 ও ZG-28 লাইনসমূহের Reprocessing এর কাজ চলমান আছে। SD-01, SD-02, SD-03, SD-04 ও SD-06 Final Processing এর কাজ সম্পন্ন করা হয়েছে এবং পরবর্তী কার্যক্রমের জন্য ২ডি উপাত্ত বিশ্লেষণ উপবিভাগে প্রদান করা হয়েছে।
- গ) ২০১৬-২০১৭ মার্চ মৌসুমে খুলনা এলাকায় সংগৃহীত সাইসমিক জরিপ KHB-01, KHB-02, KHB-03 KHB-04, KHB-05, KHB-06, KHB-07, KHB-08, KHB-10, KHB-12 ও KHB-14 লাইনসমূহের Final Processing এর কাজ সম্পন্ন করা হয়েছে এবং পরবর্তী কার্যক্রমের জন্য ২ডি উপাত্ত বিশ্লেষণ উপবিভাগে প্রদান করা হয়েছে।
- ঘ) Processing Software Geovation 2015 (Level 6501) দ্বারা ২০১৬-২০১৭ মার্চ মৌসুমে পার্টি-০১ কর্তৃক মৌলভীবাজার (পাথারিয়া, হারারগঞ্জ, বাতচিয়া) এলাকার এবং পার্টি-০২ কর্তৃক সিলেট এলাকার সংগৃহীত লাইনসমূহের DMO Velocity এর কাজ শেষ হয়েছে। বর্তমানে উক্ত লাইনসমূহের Migration Velocity Picking এর কাজ চলমান আছে।

২। জিওফিজিক্যাল মেইনটেন্যান্স এন্ড স্টোরস উপবিভাগ :

- ক) 2D Seismic Party-1 এবং Party-2 থেকে Recording Session হতে প্রাপ্ত 428 Lite এর মূল Instrument সহ আনুষঙ্গিক মালামাল পরীক্ষা করে দেখা হয়েছে।
- খ) Walkie-Talkie এর ব্যাটারী charging করা হয়েছে।
- গ) ACID ব্যাটারী চার্জিং করা হয়েছে।

৪.৩

খনন পরিচালনা বিভাগ

১। খনন ও ওয়ার্কওভার কার্যক্রম :

- ক) **শাহবাজপুর # ০২ ওয়ার্ক ওভার প্রকল্পঃ**
শাহবাজপুর # ২ কূপের ওয়ার্কওভার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। শাহবাজপুর # ২ কূপের ওয়ার্কওভার কার্যক্রম সম্পন্ন শেষে IPS Cardwell রিগ-টি Rig down সম্পন্ন হয়েছে।
- খ) **সালদা নর্থ # ১ ওয়ার্কওভার প্রকল্পঃ**
বাসুরা # ৬ কূপ খনন প্রকল্প হতে Bijoy 2010 (ZJ 70DBS) Rig ও আনুষঙ্গিক মালামাল শ্রীকাইল ও তিতাস প্রকল্পে রক্ষিত আছে। সালদা নর্থ # ১ কূপের সিভিল কনস্ট্রাকশন কাজ সম্পন্ন হলে উক্ত রিগসহ খনন মালামাল প্রকল্প এলাকায় স্থানান্তর করা হবে।
- গ) **কসবা # ১ কূপঃ**
মোবারকপুর-১ কূপে কাংখিত গ্যাস না পাওয়ায় কূপে X-mass tree Installation করে রাখা হয়েছে। Bijoy 2012 (ZJ 50) Rig টি কসবা # ১ প্রকল্পে স্থানান্তর চলমান রয়েছে।
- ঘ) **শাহজাদপুর-সুন্দলপুর # ০২ ওয়ার্ক ওভার প্রকল্পঃ**
শাহজাদপুর-সুন্দলপুর # ২ উন্নয়ন/মূল্যায়ন কূপ খনন প্রকল্পের ৩২৩৫ মিটার পর্যন্ত কূপ খনন, ওয়েল টেস্টিং এবং কম্পিশন সম্পন্ন হয়েছে।

২। রিগ বেইজ :

- ক) **মাধবপুর রিগ বেইজঃ**
দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ রিগ বেইজে রক্ষিত মালামাল রক্ষণাবেক্ষণ, পরিষ্কার পরিচ্ছন্ন ও নিরাপত্তা বিধানের কাজ অব্যাহত আছে।

১। কূপ পরীক্ষণ (Well Testing) :

- ১) শাহবাজপুর # ২ ওয়ার্কওভার কূপে টেস্টিং কার্যক্রম সাফল্যজনকভাবে পরিচালনা করতঃ টেস্টিং যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও রং এর কাজ চলমান রয়েছে।
- ২) বেগমগঞ্জ # ৩ ওয়ার্কওভার কূপে মালামাল ভাড়াহ থার্ড পার্টি ডিএসটি ও টেস্টিং সার্ভিসেস গ্রহণের লক্ষ্যে আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হয়েছে।
- ৩) রূপকল্প-৩ প্রকল্পের কসবা # ১ এবং রূপকল্প-১ প্রকল্পের সালদা নর্থ-১ অনুসন্ধান কূপের জন্য Silk Line Operator with Service সংগ্রহের জন্য আন্তর্জাতিক দরপত্র (LTM) আহ্বান প্রক্রিয়াধীন রয়েছে।
- ৪) রূপকল্প-৩ প্রকল্পের কসবা # ১ এবং রূপকল্প-১ প্রকল্পের সালদা নর্থ-১ অনুসন্ধান কূপের জন্য DST Service সংগ্রহের জন্য আহ্বায়িত আন্তর্জাতিক দরপত্র (LTM) এর প্রেক্ষিতে সর্বনিম্ন দরদাতার অনুমোদন গৃহীত হয়েছে। আহ্বান প্রক্রিয়াধীন রয়েছে।
- ৫) সদ্যসমাপ্ত বিভিন্ন কূপের কূপ-পরীক্ষণ রিপোর্ট প্রণয়ন এবং পরবর্তী কূপসমূহের প্রস্তাবিত ডিএসটি/টেস্টিং প্রসিডিউর চূড়ান্তকরণের কাজ অব্যাহত আছে।

২। মাড ইঞ্জিনিয়ারিং (Mud Engineering) :

- ১) শাহবাজপুর ইষ্ট # ১ কূপে মনিটরিং কাজে প্রতিনিধি প্রেরণ পূর্বক মনিটরিং কার্যক্রম চলমান আছে।
- ২) কসবা # ১ কূপের ড্রিলিং ফ্লুইড(মাড) প্রোগ্রাম প্রণয়নের কাজ শুরু করা হয়েছে।
- ৩) সালদা # ০৪ কূপের ফ্লুইড কমপ্লিশন রিপোর্ট প্রণয়নের কাজ চলছে।

৩। ওয়েল সিমেন্টেশন (Well Cementation) :

- ১) শাহবাজপুর # ১ ওয়ার্ক ওভার কূপের জন্য প্রস্তুতি মূলক কাজ চলছে। প্রকল্পে রক্ষিত Cementing যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ, মেরামত ও পরিষ্কারকরণের কাজ অব্যাহত রয়েছে।
- ২) রূপকল্প ১ ও ৩ এর আওতায় সালদা নর্থ-১ ও কসবা # ০১ কূপের বিপরীতে আহ্বায়িত দরপত্র নং- LTM/INT/TEN-819 ও 823 এর প্রাপ্ত দরপত্রের কারিগরী ও বানিজ্যিক মূল্যায়ন এর কাজ শেষে অত্র দরপত্রের বিপরীতে দর প্রস্তাব সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক অনুমোদিত হওয়ার পর খসড়া চুক্তি নং- BAPEX/Admin-1643 এর কাজ চলছে।

১। ভূ-রসায়ন

ঃ

- ক) শ্রীকাইল গ্যাসক্ষেত্র থেকে সংগৃহীত ০১(এক)টি সেলস গ্যাস ও ০৩(তিন)টি ওয়েলহেড গ্যাস (শ্রীকাইল #২, #৩ ও #৪), ০২(দুই)টি কনডেনসেট এবং ০১(এক)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন সংশ্লিষ্ট উৎপাদন বিভাগ, শ্রীকাইল গ্যাসক্ষেত্র, ডাটা ম্যানেজমেন্ট বিভাগসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সদয় অবগতির জন্য প্রেরণ করা হয়েছে।
- খ) সালদানদী গ্যাসক্ষেত্র থেকে সংগৃহীত ০১(এক)টি সেলস গ্যাস ও ০২(দুই)টি ওয়েলহেড গ্যাস (সালদা #৩, শর্ট স্ট্রিং ও লং স্ট্রিং), ০১(এক)টি কনডেনসেট এবং ০১(এক)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন সংশ্লিষ্ট উৎপাদন বিভাগ, সালদানদী গ্যাসক্ষেত্র, ডাটা ম্যানেজমেন্ট বিভাগসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সদয় অবগতির জন্য প্রেরণ করা হয়েছে।
- গ) সেমুতাং গ্যাসক্ষেত্র থেকে সংগৃহীত ০১(এক)টি ওয়েলহেড গ্যাস (সেমুতাং #৫), ০১(এক)টি কনডেনসেট এবং ০১(এক)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন সংশ্লিষ্ট উৎপাদন বিভাগ, সেমুতাং গ্যাসক্ষেত্র, ডাটা ম্যানেজমেন্ট বিভাগসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সদয় অবগতির জন্য প্রেরণ করা হয়েছে।
- ঘ) শাহবাজপুর গ্যাসক্ষেত্র থেকে সংগৃহীত ০১(এক)টি সেলস গ্যাস ও ০২(দুই)টি ওয়েলহেড গ্যাস (শাহবাজপুর #১ ও শাহবাজপুর #২), ০২(দুই)টি লিকুইড হাইড্রোকার্বন এবং ০১(এক)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন সংশ্লিষ্ট উৎপাদন বিভাগ, শাহবাজপুর গ্যাসক্ষেত্র, ডাটা ম্যানেজমেন্ট বিভাগসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সদয় অবগতির জন্য প্রেরণ করা হয়েছে।
- ঙ) ফেঞ্চুগঞ্জ গ্যাসক্ষেত্র থেকে সংগৃহীত ০১(এক)টি সেলস গ্যাস ও ০১(এক)টি ওয়েলহেড গ্যাস (ফেঞ্চুগঞ্জ #৩), ০১(এক)টি কনডেনসেট এবং ০১(এক)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন সংশ্লিষ্ট উৎপাদন বিভাগ, ফেঞ্চুগঞ্জ গ্যাসক্ষেত্র, ডাটা ম্যানেজমেন্ট বিভাগসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সদয় অবগতির জন্য প্রেরণ করা হয়েছে।
- চ) রূপগঞ্জ গ্যাসক্ষেত্র থেকে সংগৃহীত ০১(এক)টি সেলস গ্যাস ও ০১(এক)টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন সংশ্লিষ্ট উৎপাদন বিভাগ, রূপগঞ্জ গ্যাসক্ষেত্র, ডাটা ম্যানেজমেন্ট বিভাগসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সদয় অবগতির জন্য প্রেরণ করা হয়েছে।
- ছ) ভূতাত্ত্বিক বিভাগ কর্তৃক ঢাকা জেলার ডেম রা এলাকায় অবস্থিত লতিফ বাওয়ানী জুট মিলস এলাকার একটি পরিত্যক্ত গভীর নলকূপের বোরিং থেকে সংগৃহীত ০১ (এক) বোতল ও মিলে ব্যবহৃত জুট ব্যাচিং অয়েল এর ০১ (এক) বোতল নমুনা বিশ্লেষণকরতঃ প্রতিবেদন সংশ্লিষ্ট ভূতাত্ত্বিক বিভাগ, ডাটা ম্যানেজমেন্ট বিভাগসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সদয় অবগতির জন্য প্রেরণ করা হয়েছে।

২। ভূতাত্ত্বিক ল্যাব

ঃ

- ক) শাহজাদপুর-সুন্দলপুর#২ কূপ থেকে প্রাপ্ত একটি কোর নমুনা হতে সংগৃহীত ৯টি শিলা নমুনার **Micropaleontological Analysis** শেষে প্রতিবেদন প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে।
- খ) শাহজাদপুর-সুন্দলপুর#২ কূপ থেকে প্রাপ্ত একটি কোর নমুনা হতে সংগৃহীত ৯টি শিলা নমুনার **Sedimentological Analysis (Grain Size Analysis এবং XRD Analysis)** শেষে প্রতিবেদন প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে।
- গ) SIP আওতায় উপবিভাগে রক্ষিত সকল নথির তালিকা তৈরির কাজ চলছে।

৩। পेट্রোফিজিক্যাল

ঃ

- ক) উপবিভাগে রক্ষিত তিতাস #১৫ কূপের কোর প্লাগ নমুনাসমূহ পুনঃবিশ্লেষণের কাজ চলছে।
- খ) উপবিভাগে বিশ্লেষণ কাজে ব্যবহৃত বিভিন্ন গ্লাসওয়ার সমূহ পরিষ্কার করা এবং স্টোরে রক্ষিত বিভিন্ন গ্লাসওয়ার ব্যবহার উপযোগী করার কাজ অব্যাহত।
- গ) উপবিভাগের একজন কর্মকর্তা বিপিআইতে প্রজেক্ট ম্যানেজমেন্ট বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

৪.৬

উৎপাদন বিভাগ

গ্যাস ও কনডেনসেট উৎপাদন এবং বিক্রয়ের সংক্ষিপ্ত বিবরণী

(১) উৎপাদনের বিবরণ

ঃ

(লক্ষ টাকায়)

